



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিষ্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

E-mail: cdhakacommercecollege@yahoo.com, Website: www.dcc.edu.bd, Facebook: Dhaka Commerce College

স্মারক নং : ঢাকক-

তারিখ: ০৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ২য় পর্ব সাপ্লিমেন্টারি পরীক্ষা ২০২২ আগামী ১৫/১২/২০২২ তারিখ হতে অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান ২০ এবং সময় ১:০০ ঘণ্টা। প্রতি বিষয়ে CQ প্রশ্নের উপর পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের ১৪/১২/২০২২ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রতি বিষয়ের জন্য ২০০/- (দুইশত টাকা) জমা দিয়ে প্রাপ্ত জমা রশিদ প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করতে হবে।

প্রতিদিন ৮:৩০-৯:৩০টা/ ৯:৩০-১০:৩০টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার দিন গুলোতে একাদশ শ্রেণির ক্লাস কার্যক্রম ৯:৪০টা অর্থাৎ ৩য় পিরিয়ড থেকে অনুষ্ঠিত হবে।

যে সকল শিক্ষার্থী ২য় পর্ব পরীক্ষায় ১ থেকে ৭ বিষয়ে অকৃতকার্য হয়েছে অথবা অসুস্থতাজনিত ও অন্যান্য কারণে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি (১ম ও ২য় পর্ব পরীক্ষায় ৭+৭=১৪ বিষয়ে অকৃতকার্যতা ব্যতীত) তাদেরকে অবশ্যই সাপ্লিমেন্টারি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় পাস করা সাপেক্ষে পরবর্তি ক্লাস কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি সঙ্গে আনা যাবে না;
- পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না।
- টাকা জমা দেওয়ার রশিদ হারিয়ে গেলে বা বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে রশিদ আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে পরীক্ষার অনুমতিপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
১৫/১২/২০২২ (বৃহস্পতিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	৮:৩০টা-৯:৩০টা
১৮/১২/২০২২ (রবিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	৮:৩০টা-৯:৩০টা
	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	৯:৩০টা-১০:৩০টা
১৯/১২/২০২২ (সোমবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	৮:৩০টা-৯:৩০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
২০/১২/২০২২ (মঙ্গলবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	৮:৩০টা-৯:৩০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
২১/১২/২০২২ (বুধবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	৮:৩০টা-৯:৩০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	

০৭/১২/২২
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

০৭/১২/২০২২
আইসিআর (পরীক্ষা কমিটি)

০৭/১২/২০২২
উপাধ্যক্ষ

০৭/১২/২০২২
অধ্যক্ষ